

বীজ সংরক্ষণ কৌশল কী?

বীজকে পূর্ণ ক্ষমতাসম্পন্ন অবস্থায় পরবর্তী মৌসুম পর্যন্ত বাঁচিয়ে রাখার জন্য যে কৌশল অনুসরণ করতে হয় তাকে সংরক্ষণ কৌশল বলে।

সংরক্ষণকালীন সমস্যাগুলো কী?

সংরক্ষিত বীজের বড় সমস্যা হলো আর্দ্রতা ও তাপমাত্রা। পদ্ধতি সঠিক না হলে বীজে এক ধরনের ছত্রাক ও পোকাকার আক্রমণ হয়, যা বীজের গজানোর ক্ষমতা কমিয়ে দেয় ও বীজ খেয়ে নষ্ট করে ফেলে।

প্রচলিত পদ্ধতি ও এর অসুবিধা

প্রচলিত পদ্ধতিতে মাটির পাত্র, বস্তা, পলিথিনসহ বস্তা, ডোল ইত্যাদিতে বীজ রাখা হয়। এগুলোর অসুবিধা হলো-

- ♦ মাটির পাত্রে অসংখ্য ছোট ছোট ছিদ্র থাকে
- ♦ বস্তা বা পলিথিন পোকা ও ইঁদুরে কেটে ফেলে
- ♦ ধানের বীজের খোঁচায় পলিথিন ছিদ্র হয়ে যায়
- ♦ এগুলোতে বাতাস চলাচল করতে পারে তাই বীজের আর্দ্রতা বেড়ে যায় এবং বীজ পোকা ও ছত্রাকের আক্রমণে নষ্ট হয়।



বীজ সংরক্ষণের প্রচলিত পদ্ধতি

কোন পাত্রে বীজ ভালো থাকে?

প্লাস্টিক ড্রাম, টিন বা অন্য কোনো ধাতব পাত্র এবং রঙ করা মটকায় বীজ ভালো থাকে। পাত্রের মুখটি অবশ্যই ভালোভাবে লাগাতে হবে, যেন বাতাস চলাচল করতে না পারে। এসব পাত্র ইঁদুর বা পোকায় কাটতে পারে না, তাই দীর্ঘদিন ব্যবহার করা যায়।



এ পাত্রেগুলোতে বীজ ভালো থাকে

সংরক্ষণের জন্য অবশ্যকরণীয়

- ♦ বীজ ঠিকমতো শুকিয়ে নিন, যাতে আর্দ্রতা ১২-১৩% অথবা এর নিচে থাকে
- ♦ পাত্রে রাখার আগে বীজ ঠান্ডা করে নিন
- ♦ বীজের পাত্র ধুয়েমুছে পরিষ্কার করে ভালো করে রোদে শুকিয়ে নিন।
- ♦ পাত্র পূর্ণ করে বীজ রাখুন
- ♦ বীজের ওপর খালি জায়গা শুকনো ছাই দিয়ে পূর্ণ করে দিন
- ♦ নিমপাতা, তামাকপাতা বা বিষকাটালি পোকা দমনে কাজ করে।
- ♦ পাত্রের মুখটি ভালোভাবে বন্ধ করে দিন, যেন বাতাস না ঢোকে
- ♦ পাত্রটি মাটি থেকে উঁচুতে যে কোনো মাচার ওপর রাখুন
- ♦ বীজ বোনার সময় ছাড়া পাত্রটি খোলার বা বীজ রোদ দেয়ার দরকার নেই।



বীজ সংরক্ষণ ভিডিও

আরো তথ্যের জন্য :

ড. এম এ তাহের মিয়া, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ১৭০১, ই-মেইল : taherm@bdonline.com

অধিবেশন ১ : মডিউল ১১
ফ্যাক্ট শিট ৪

আমন ধান উৎপাদন প্রশিক্ষণ মডিউল